# অনলাইন আবেদন সিস্টেমের ব্যবহারকারীদের জন্য

# ম্যানুয়াল


**একসেস টু ইনফরমেশন (এটুআই)**

**প্রধানমন্ত্রীর কার্যালয়**

**তেঁজগাও, ঢাকা।**


১। অনলাইন ফরমস বাতায়ন (online.forms.gov.bd)

ক) দপ্তর অনুসারে; খ) সকল অনলাইন ফরম; গ) জনপ্রিয় ফরম; ঘ) আবেদনের অবস্থা জানুন অপশন রয়েছে।




**ক) দপ্তর অনুসারে ফরম:**

দপ্তর অনুসারে অপশন হতে উদাহরণস্বরুপ- খাদ্য মন্ত্রণালয়ের ওপর ক্লিক করুন এবং “খাদ্যশস্য ও খাদ্য সামগ্রী ব্যবসার লাইসেন্স প্রাপ্তিএর জন্য আবেদন” ফরমটির ওপর ক্লিক করুন। অথবা-





**খ) সকল ফরম:** সকল ফরম মেনুতে ক্লিক করুন, তাহলে অনলাইন সকল ফরমের তালিকা আসবে। সেখান থেকে প্রয়োজনীয় ফরমটি নির্বাচন করুন।

## ২। অনলাইন ফরম পূরণ


### প্রথম ধাপ: আবেদন দাখিলের নিয়মাবলি-

ক) অনলাইন ফরম পূরণের পূর্বে আবেদন দাখিলের নিয়মাবলি ভালভাবে পড়ুন।

খ) নিচের ‘পরবর্তী ধাপ’ বাটনে ক্লিক করুন।



## ২য় ধাপ: আবেদন ফরম পূরণ-



ক) ২য় ধাপটি গুরুত্বপূর্ণ। প্রথমে  কোন জেলার খাদ্য অফিসে আবেদনটি করবেন তা নির্বাচন করুন।

খ)  আবেদন ফরমের লাল তারকা চিহ্নিত ফিল্ডগুলো অবশ্যই পূরণ করতে হবে।


গ) আপনার মোবাইল নম্বরটি অবশ্যই দিবেন। যে মোবাইল নম্বরে একটি এসএসএম পাবেন।

ঘ) ফরমের নিচে আবেদনকারীর তথ্যঃ এখানে আপনার জন্ম তারিখ, মোবাইল এবং ইমেইল সঠিকভাবে লিখুন।

ঙ) আপনার নিরাপত্তার স্বার্থে নিচের সংখ্যা দুটির যোগফল লিখুনঃ এখানে যোগফলটি বাংলা বা ইংরেজিতে দিতে পারেন।

চ) এবার ‘পরবর্তী ধাপ’ ক্লিক করুন।

## ৩য় ধাপঃ সংযুক্তি




ক) ৩য় ধাপে পুনরায় তথ্য যাচাই ও সংশোধন করার সুযোগ রয়েছে।

খ) ৩য় ধাপটি হলো সংযুক্তি। এখানে আপনি আপনার ছবি আপলোড করুন।


গ) নিচে আবেদনকারীর স্বাক্ষর আপলোড করুন।

ঘ) আবেদনের সাথে সংযুক্ত কাগজপত্র আপলোড করুন।


ঙ) এবার পরবর্তি ধাপে ক্লিক করুন

## ৪র্থ ধাপঃ পেমেন্ট

যদি এই ফরমটি জমা প্রদানের সময় পেমেন্ট থাকে তাহলে এই ধাপটি আসবে। যদি পেমেন্ট না থাকে তাহলে এই ধাপের না এসে সরাসরি ৫ম ধাপঃ প্রেরণ –এ নিয়ে যাবে।




## ৫ম ধাপঃ প্রেরণ




ক) সকল তথ্য সঠিক থাকলে প্রেরণ বাটনে ক্লিক করুন। যদি কোনো তথ্য পরিবর্তন করতে চান তাহলে তথ্য পরিবর্তন বাটনে ক্লিক করে পূর্বের ধাপে যেয়ে তথ্য পরিবর্তন করুন।

খ) প্রেরণ বাটনে ক্লিক করলে আবেদনটি সফলভাবে প্রেরণ হয়েছে মর্মে বার্তা আসবে। যেখানে ট্র্যাকিং নম্বর থাকবে।